দৈনিক ইনকিলাব

তারিখ ... ... JAN 29 2000 ...
পৃষ্ঠা ৭ কলাম ৬......

39

## জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের দৃষ্টি আকর্ষণ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক সম্পূর্ণ নতুন সিলেবাস অনুযায়ী উচ্চ মাধ্যমিক বাংলা প্রথম পত্র বইটি রচিত হয়েছে। এই বইয়ের ৩ নং প্রবন্ধের অর্থাৎ 'সাহিত্যে খেলা' প্রবন্ধের লেখক হচ্ছেন বাংলা সাহিত্যের 'বীরবল' নামে খ্যাত, যিনি সর্বপ্রথম বাংলা সাহিত্যে চলিত গদ্যরীতির প্রবর্তন করেন তিনি হলেন প্রমথ চৌধুরী। কিন্তু অত্যন্ত দুঃখজনক হলেও সত্য যে, উপরোল্লিখিত 'সাহিত্যে খেলা' প্রবন্ধে লেখক প্রমথ চৌধুরীর নাম সম্পূর্ণ বিকৃত করে 'প্রথম চৌধুরী' লেখা হয়েছে। এর ফলে আমি মনে করি এটি শুধু মারাত্মক ভুলই করা হয়নি, বরং লেখকের প্রতি চরম অবিচারও করা হয়েছে। এই ভুল ছাত্র-ছাত্রীদেরকে বিভ্রান্তির মধ্যে ফেলে দিয়েছে। যদিও বইটির সূচীপত্রে লেখকের নাম ঠিক লেখা হয়েছে– তথাপি প্রবন্ধের মোট নয়টি স্থানে ভুল লেখা হয়েছে। বলার অপেক্ষা রাখে না যে, এই ক্ষমার অযোগ্য ভুলটি বই সম্পাদনায় ব্যর্থতার ইংগিতই বহন করে। সুতরাং অনতিবিলম্বে উক্ত ভুলটি শুদ্ধ করে দেশের কোমলমতি ছাত্র-ছাত্রীদের বিভ্রান্তি দূর করার জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের জরুরী হস্তক্ষেপ একান্ত কামনা করছি।

–মোঃ খাইরুল আমীন
কুমিল্লা ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজ,
বাণিজ্য -প্রথম বর্ষ, রোল নং -১৮০৫, কুমিল্লা।